

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পূর্ব এশিয়া ও প্রশান্ত অনুবিভাগ
ঢাকা
www.mofa.gov.bd

স্মারক নংঃ ১৯.০০.০০০০.৪৩৫.৩২.২০২.১৮/ ৫৩৬

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০২৪ ইং

প্রাপকঃ জনাব সায়েম আহমেদ
পরিচালক, পূর্ব এশিয়া ও প্রশান্ত অনুবিভাগ
পররাষ্ট্র মন্ত্রণালয়

বিষয়ঃ আসন্ন ২০-২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য ৩০তম Asian Export Control Seminar –এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের উদ্দেশ্যে জাপান সফরের প্রশাসনিক মঞ্জুরি


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, নির্দেশিত হয়ে, আগামী ২০-২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য ৩০তম Asian Export Control Seminar –এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণ করতে আপনার অনুকূলে জাপান সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত প্রশাসনিক মঞ্জুরির শর্তসমূহ নিম্নরূপঃ

- ক) উক্ত সফরের নিমিত্ত আপনি আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বা এর নিকটবর্তী সময়ে টোকিওর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৪ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে টোকিও ত্যাগ করবেন।
খ) উল্লিখিত সেমিনারে অংশগ্রহণের জন্য আপনার বিমান ভাড়া এবং আবাসনের ব্যয়ভার আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে।
গ) এ সফরকালে আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
ঘ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।


০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।



মোঃ সাকিবুর রহমান ভূঁইয়া
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)
ফোনঃ ০২-২২৩৩৮৮৬০০
মোবাইলঃ ০১৭১৫৩৭৪৮০৭
ই-মেইলঃ aseap@mofa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়), সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ০১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র মন্ত্রণালয়), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক (সংস্থাপন/ এফএসও/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, টোকিও।
০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৭। অফিস কপি।

 14-2-2024

মোঃ সাকিবুর রহমান ভূঁইয়া
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)
ফোনঃ ০২-২২৩৩৮৮৬০০
মোবাইলঃ ০১৭১৫৩৭৪৮০৭
ই-মেইলঃ aseap@mofa.gov.bd